মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীনের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীন আর নেই। গতকাল বৃহস্পতিবার রাত ১০টার দিকে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৫ বছর। তাঁর মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

আজ শুক্রবার সকাল সাড়ে ৯টায় মোনাখালী ফুটবল খেলার মাঠে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে মোনাখালী কবরস্থানে তাঁকে দাফন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা জসিম উদ্দিন মোনাখালী গ্রামের দক্ষিণপাড়ার মৃত নিয়ামত শেখ এর ছেলে।

এ সময় বীর মুক্তিযোদ্ধার মৃতদেহ জাতীয় পতাকায় আচ্ছাদিত করে রাষ্ট্রের পক্ষে তার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি ফয়েজুর রহমান ফয়েজ, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ তদন্ত সেলিম জাহাঙ্গীর বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, এসময় মেহেরপুর পুলিশ লাইনের একটি চৌকস পুলিশ দল বীর মুক্তিযোদ্ধাকে গার্ড অফ ওনার প্রদান করে এ সময় বিউগলে করুন সুর বেজে ওঠে। গার্ড অফ অনার শেষে তাঁর আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়।

এসময় বীর মুক্তিযোদ্ধা আলতাব হোসেন বীর মুক্তিযোদ্ধা হাজী নজরুল ইসলাম বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব:) আব্দুল মালেক, উপজেলার বীর মুক্তিযোদ্ধা এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মহান মুক্তিযুদ্ধে বীর মুক্তিযোদ্ধা জসীমউদ্দীনের অবদান জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। তাঁর মৃত্যুতে পরিবার-পরিজন, স্বজন ও এলাকাবাসীর মধ্যে শোকের আবহ বিরাজ করছে।

মহান মুক্তিযুদ্ধের এই বীর সন্তানের মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন এলাকাবাসী। তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা

এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন তাঁরা।

পদ্মায় বাসডুবি; কুষ্টিয়ার ৪ জনের মরদেহ উদ্ধার, ৩ জনের দাফন সম্পন্ন

রাজবাড়ীর দৌলতদিয়া ঘাটে ফেরিতে ওঠার সময় পদ্মা নদীতে যাত্রীবাহী বাস সৌহার্দ্য পরিবহন ডুবে যাওয়ার ঘটনায় কুষ্টিয়ার নিহত ৪ জনের মধ্যে ৩ জনের দাফন সম্পন্ন হয়েছে।

কুষ্টিয়ার নিহতরা হলেন- কুষ্টিয়া পৌরসভার মজমপুর গ্রামের মো. আবু বক্কর সিদ্দিকের স্ত্রী মর্জিনা খাতুন (৫৬), কুষ্টিয়ার খোকসা উপজেলার খাগড়বাড়িয়ার হিমাংশু বিশ্বাসের ছেলে রাজীব বিশ্বাস (২৮), একই উপজেলার ধুশুন্ডু গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে ইস্রাফিল (৩), একই উপজেলার সমসপুর গ্রামের গিয়াসউদ্দিন রিপনের মেয়ে আয়েশা সিদ্দিকা (১৩)।

ইতোমধ্যে সদরের জুগিয়ায় নিজ গ্রামে মর্জিনার দাফন সম্পন্ন হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় তার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এরপর পারিবারিক কবরস্থানে তার দাফন করা হয়। সেখানে নিহতের স্বামী আবু বক্কর ও ভাই, স্বজন ও প্রতিবেশীরা উপস্থিত ছিলেন এবং তারা জানাজায় অংশনেন।

ঢাকায় বসবাসরত চিকিৎসক মেয়ের বাসায় যাওয়ার জন্য রাজবাড়ীর পাংশা থেকে সোহার্দ পরিবহনের বাসে উঠেন স্থানীয় পল্লী বিদ্যুতের বিলিং সুপার ভাইজার মর্জিনা খাতুন। এর ঘন্টাখানেক পরেই মুত্যুর খবর পান পরিবারের লোকজন। বাস দুর্ঘটনাকে দায়িত্বে অবহেলা ও অব্যবস্থাপনা হিসেবে দেখছেন স্বজন ও এলাকার মানুষ। তারা এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও দায়ীদের বিচার চান।

মর্জিনা খাতুন হাসি যাঁকে হাসি আপা নামে চিনতেন পুরো এলাকার

মানুষ। হাসিখুশি মানুষটি সবার সাথে মিশতেন, খোঁজ খবর রাখতেন। সেই মানুষটির চির বিদায়ে এলাকায় শোকের ছায়া। স্বজনদের মধ্যে কান্নার রোল। হাসিকে হারিয়ে কান্না করছে পুরো এলাকার মানুষ।

এদিকে খোকসায় নিহত আয়েশা সিদ্দিকা ও ইস্রাফিলের দাফন সম্পন্ন হয়েছে। রাজিবের শেষকৃত্যের প্রক্রিয়া চলছে। খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোশাররফ হোসেন এই তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে বুধবার বিকেল পৌনে ৫টার দিকে ডুবে যাওয়া সৌহার্দ্য পরিবহনের বাসটি কুষ্টিয়া হয়ে ঢাকা যাচ্ছিল। কুমারখালী ও খোকসা ধেকে কয়েকজন যাত্রী নেয় বাসটি।

দর্শনায় রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেকের দাফন সম্পন্ন

দর্শনা কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেক চিকিৎসাধীন অবস্থায় ফরিদপুর মেডিকেল হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। তিনি দীর্ঘদিন ধরে ডায়াবেটিসসহ বিভিন্ন রোগে ভুগছিলেন।

সোমবার বাদ জোহর দর্শনা কেরুজ ক্লাব মাঠে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. উবায়দুর রহমান সাহেলের নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করে। পরে সেখানে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। জানাজায় স্থানীয় লোকজন ছাড়াও চুয়াডাঙ্গা জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আব্বাস উদ্দীন, উপজেলা আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা কমান্ডের হাফিজুল ইসলাম, দর্শনা পৌর বীর মুক্তিযোদ্ধা ফজলুর রহমান, সাবেক পৌর কমান্ডার জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলীসহ অনেকে অংশ নেন।

এছাড়া উপস্থিত ছিলেন দর্শনা কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাবেক সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূঁইয়া, মহাব্যবস্থাপক (অর্থ) আব্দুস ছাত্তার এবং কেরুজের শ্রমিক-কর্মচারীরা।

জানাজা শেষে আনোয়ারপুর কবরস্থানে বেদনাবিধুর পরিবেশে তাঁর দাফন সম্পন্ন করা হয়।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা ফুলসুরাত মন্ডলের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার আমদহ দক্ষিণ পাড়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফুলসুরাত মন্ডলকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। রবিবার দুপুরে আমদহ পারিবারিক কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

দাফন পূর্ববর্তী আনুষ্ঠানিকতায় মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম জাতীয় পতাকায় আচ্ছাদিত মরহুমের কফিনে পুষ্পমাল্য অর্পণ করেন। পরে মেহেরপুর সদর থানা পুলিশের একটি চৌকস দল মরহুমকে গার্ড অব অনার প্রদান করে। রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন ইউএনও মোঃ খায়রুল ইসলাম। এ সময় বিউগলে বেজে ওঠে করুণ সুর, এবং এক মিনিট নীরবতা পালন করা হয়।

দাফন কার্যক্রমে অংশ নেন মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেমসহ স্থানীয় বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ।

রবিবার ভোরে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বীর মুক্তিযোদ্ধা ফুলসুরাত মন্ডল মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, চার ছেলে এবং অসংখ্য গুণগ্রাহী

মুজিবনগরে বিএনপির নেতা রফিকুল ইসলামের দাফন সম্পন্ন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহানজনপুর ইউনিয়নের গোপালপুর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ইউপি সদস্য রফিকুল ইসলামের জানাযা ও দাফন সম্পন্ন হয়েছে।

রফিকুল ইসলাম মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক খোরশেদ আলম দুখুর পিতা। হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি আজ শুক্রবার দিবাগত রাত চারটার দিকে কুষ্টিয়া মান্নান হার্ট ফাউন্ডেশন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৩ বছর। তিনি তার স্ত্রী, ৩ ছেলে সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ শুক্রবার ১১টার দিকে গোপালপুর ঈদগাহ মাঠে জানাজা শেষে ঈদগাহ মাঠ সংলগ্ন কবরস্থানে দাফন করা হয়।

জানাযা ও দাফনকাজে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ শেনজির, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আকমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসানাত আফরোজ, জেলা বিএনপি’র ও মহাজনপুর ইউনিয়ন বিএনপি নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশ নেন।

মেহেরপুরে রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধা জিল্লুরের দাফন সম্পন্ন

রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধা ও অবসরপ্রাপ্ত কৃষি কর্মকর্তা জিল্লুর রহমানের দাফন সম্পন্ন হয়েছে।

আজ বৃহস্পতিবার (৪ জুলাই) বিকাল সাড়ে ৫ টার সময় গোভিপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে আনুষ্ঠানিকভাবে গার্ড অফ অনার শেষে স্থানীয় কবরস্থানে তাকে দাফন করা হয়। এর আগে একই স্থানে তার নামাযের জানাযা অনুষ্ঠিত হয়।

জিল্লুর রহমান স্ত্রী, ১ ছেলে, ৩ মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী ও সহকর্মী মুক্তিযোদ্ধাদের রেখে গেলেন।

মুক্তিযোদ্ধা জিল্লুর রহমানের দাফনের আগে মেহেরপুর সদর থানা পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করেন। এসময় সদর উপজেলা সহকারি কমিশনার (ভূ’মি) ও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান অভিবাদন গ্রহণ করেন।

মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের বিভিন্ন পর্যায়ের মুক্তিযোদ্ধাবৃন্দসহ গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

এর আগে মুক্তিযোদ্ধার জিল্লুর রহমানের ছেলে হাসান হাফিজুর রহমান, বৃহস্পতিবার (৪ জুলাই) সকালে তিনি গোভিপুরস্থ নিজ বাসভবনে অসুস্থ হয়ে পড়েন। পরে সকাল ৮ টার দিকে হৃদযন্ত্রের ক্রিয়া মারা যান।

শৈলকূপা উপজেলা জাসদের সভাপতি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [

প্রসঙ্গত, আনোয়ার হোসেন কুষ্টিয়ার কুমারখালী উপজেলার যদুবয়রা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্যে এমএ পাশ করেন। পরবর্তীতে তিনি ইংরেজি ভাষা ও সাহিত্যে এমএ ডিগ্রি অর্জন করেন। এরপর মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারি শিক্ষক হিসেবে প্রথম কর্মজীবন শুরু করেন। তিনি কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন।

বিএনপি নেতার দাফন সম্পন্ন, মৃত্যুকে ঘীরে নানা গুঞ্জন

চেক ডিজঅনার মামলায় কারাাণÍরীণ অবস্থায় মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদের হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যাওয়াকে কেন্দ্র করে মেহেরপুর শহরে শুরু হয়েছে নানা গুঞ্জন। বিএনপির নেতাদের দাবী কারাগারে বিএনপি নেতা তোফায়েলকে পরিকল্পিত হত্যা করা হয়েছে। তোফায়েলের মেয়ে তার বাবার মৃত্যুর জন্য সাংবাদিক মিজানকে দায়ী করে বিচার দাবী করেছেন।

এদিকে সোমবার বিকাল ৩ টার সময় মেহেরপুর সদর উপজেলার উজুলপুর গ্রামে নামাজে জানাযা শেষে ওই কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে।

এর আগে দুপুরের দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তার(আরএমও) নেতৃত্বে তিন সদস্যর চিকিৎসক দল ময়নাতদন্ত সম্পন্ন করে লাশের স্যাম্পল রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালের ফরেনসিক ল্যাবে পাঠানো হয়েছে।

ময়না তদন্তের প্রতিবেদন পেলে হত্যাকান্ড সম্পর্কে পরিস্কার জানা যাবে বলে জানিয়েছেন আরএমও মোকলেসছুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, সাধারণ সম্পাদক ও মেহেরপুর-২ আসনের সাবেক এমপি আমজাদ হোসেন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসসহ জেলা বিএনপির নেতৃবৃন্দ ও অঙ্গসংগঠনের বিভিন্ন স্তুরের নেতাকর্মী।

৮টা ২৫ মিনিটে তিনি মারা যান।

মেহেরপুর জেলা কারাগারের সুপার মোখলেসুর রহমান জানান, তিনি এনআই আইনের একটি মামলায় ৮ মাসের সাজাপ্রাপ্ত আসামি ছিলেন। গত ৩০ মে তাকে আদালত কারাগারে পাঠায়।

মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকের বরাত দিয়ে জেল সুপার মোখলেসুর রহমান জানান, তিনি মাইক্রো কার্ডিয়াক ইনফেকশনে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন।